

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রাজিলের রাষ্ট্রপতির কাছ থেকে একটি টেলিফোন কল গ্রহণ করেছেন  
(07 আগস্ট, 2025)

08 আগস্ট, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ (07 আগস্ট, 2025) ব্রাজিলের রাষ্ট্রপতি, মহামহিম, শ্রী লুইজ ইনাসিও লুলা দা সিলভা-র কাছ থেকে একটি টেলিফোন কল গ্রহণ করেন।

প্রধানমন্ত্রী গত মাসে ব্রাজিল সফরের কথা প্রসঙ্গ উত্থাপন করেন, যেখানে দুই নেতা বাণিজ্য, প্রযুক্তি, শক্তি, প্রতিরক্ষা, কৃষি, স্বাস্থ্য এবং জনগণের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার জন্য একটি কাঠামো নির্মাণের বিষয়ে সম্মত হয়েছিলেন।

এই আলোচনার উপর ভিত্তি করে, তারা ভারত-ব্রাজিল কৌশলগত অংশীদারিত্বকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার প্রতিশ্রুতির পুনরাবৃত্তি করেন।

পারস্পরিক স্বার্থ জড়িত রয়েছে এমন নানা আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় সম্পর্কে দুই নেতা মতবিনিময় করেন।

দুই নেতাই যোগাযোগ বজায় রাখতে সম্মত হয়েছেন।

নয়া দিল্লি

07 আগস্ট, 2025